

চতুর্থ অধ্যায়

এইচটিএমএল এবং ওয়েবসাইট ডিজাইন

মডেল--০৭

১. ম্যাডাম ক্লাসে ছাত্রদের উদ্দেশে বললেন, আমরা যখন কোনো ওয়েবসাইট ওপেন করি তখন প্রথমে আমাদের সামনে হোম পেইজ ওপেন হয়। হোম পেইজের বিভিন্ন স্থানে ক্লিক করলে আরও নতুন নতুন স্বতন্ত্র HTML ফাইল/পেইজ আসে। প্রতিটি স্বতন্ত্র ফাইলের সাথে হোম পেইজের একটি সংযোগ দেয়া আছে। ম্যাডাম এই সংযোগের ধরন আলোচনা করলেন এবং সংযোগের সিনট্যাক্সিটি লিখলেন।

- ক. অ্যাট্রিবিউট কী?
- খ. ইমেজ ট্যাগে ব্যবহৃত অ্যাট্রিবিউট গুলোর নাম লেখ।
- গ. ম্যাডাম যে সাইটটির কথা বলেছেন তার কাঠামো ব্যাখ্যা কর।
- ঘ. ম্যাডাম যে সংযোগের কথা বলেছেন ওয়েবসাইটে তার ভূমিকা লেখ।

২. নিলয় নতুন ওয়েব ডিজাইনার। সে HTML ব্যবহার করে কাজ করছে। সম্পত্তি ওয়েবে অন্য ওয়েবের লিংক সংযোগ করতে ব্যর্থ হওয়ায় সে শিক্ষকের শরণাপন্ন হলো। শিক্ষক তাকে ওয়েবে ছবি সংযোগ করার কৌশল শিখিয়ে দিল।

- ক. browsing কী?
- খ. WWW বা ওয়েব জনপ্রিয় হওয়ার কারণসমূহ আলোচনা করো।
- গ. নিলয় যে সমস্যায় পড়েছে তা কীভাবে সমাধান করা সম্ভব? ব্যাখ্যা করো।
- ঘ. শিক্ষক নিলয়কে যে পদ্ধতি শিখিয়ে দিলেন, ওয়েব ডিজাইনে তার ভূমিকা বিশ্লেষণ করো।

৪. তৌহিদ নতুন একটি ওয়েব পেইজে তথ্যগুলোকে প্যারাগ্রাফ আকারে বিভিন্ন ধরনের ফন্ট ও বিভিন্ন কালার ব্যবহার করে তথ্যগুলো উপস্থাপন করল।

- ক. এর কাজ কী?
- খ. হেড সেকশনে ব্যবহৃত এলিমেন্টগুলোর নাম লেখ।
- গ. তৌহিদ ওয়েব পেইজে তথ্যগুলোকে যে আকারে লিখেছিল এবং তার জন্য ব্যবহৃত ট্যাগ কোনটি? এর ডিফল্ট আচরণ বর্ণনা করো।
- ঘ. তৌহিদ যে রংয়ের কাজ করেছিল তার সিনট্যাক্স লেখ এবং বিশ্লেষণ করো।